গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

পত্র সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০১. ২০২০ - 296 তারিখঃ ২৩ ফাল্গুন ১৪২৮ / ০৮ মার্চ ২০২২

বিষয়ঃ ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সূত্রঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৫/০২/২০২২ তারিখের ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২০২২-০৫ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্র সংখ্যার পরিপ্রেক্ষিতে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হল। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে মোট ৮(আট) পৃষ্ঠা।


08/03/2022
এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৪৬৬৭৭
E-mail: lgadmin1@lgd.gov.bd


বিতরণ: ( স্থানীয় সরকার বিভাগ)

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
৬। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/সিটি কর্পোরেশন/জেলা পরিষদ:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্রগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)।

অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

১) সিনিয়র সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
ডায়েরি নম্বর
তারিখ: ১৭/২/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

বিষয়ঃ ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃ মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আ. ক. ম. মোজাম্মেল হক, এমপি<br>মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ১৭-০১-২০২২, বিকাল: ৩.০০ টা। |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬০৫)। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ. ক. ম. মোজাম্মেল হক, এমপি এঁর সভাপতিত্বে ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২২ এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ এর জাতীয় কর্মসূচি প্রণয়ন এবং উহা বাস্তবায়নের উদ্দেশ্যে বিভিন্ন কমিটি, উপ-কমিটি গঠন ও কমিটির দায়িত্ব নিরুপণের জন্য ১৭-০১-২০২২ তারিখে এক আন্তঃ মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

০২। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ. ক. ম. মোজাম্মেল হক, এমপি শুরুতে সবাইকে স্বাগত ও অভিনন্দন জানান। বক্তব্যের শুরুতেই তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, যার-জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। তিনি জানান জাতির সর্বশ্রেষ্ঠ অর্জনই হচ্ছে মহান মুক্তিযুদ্ধ। তিনি স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে সুবর্ণজয়ন্তী উদযাপনের বিষয়টিও সভায় তুলে ধরেন। গত বছর কোভিড-১৯ এর কারণে সুবর্ণজয়ন্তী যেভাবে ইচ্ছা ছিল সেভাবে পালিত হয়নি বিধায় মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে সুবর্ণজয়ন্তীর কার্যক্রম সম্প্রসারণ করা হয়েছে। এ বছর মহামারী হয়তো নিয়ন্ত্রণে আসবে এবং প্রতিবছরের ন্যায় এবারও যথাযথভাবে উৎসব পালনে সক্ষম হবো মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। যদি কোনভাবে সম্ভব না হয় তখন সময়ের আলোকে হয়তো কর্মসূচি পরিবর্তন/পরিমার্জন হতে পারে মর্মে সভাপতি সভাকে অবহিত করেন। তিনি এ পর্যায়ে মহান স্বাধীনতা যুদ্ধে শাহাদাৎবরণকারী এবং দেশের জন্য যারা আত্মত্যাগ করেছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে মহান স্বাধীনতা দিবসের প্রস্তাবিত কর্মসূচি নিয়ে আলোচনার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন), জনাব রঞ্জিত কুমার দাসকে আহবান জানান।

৩। সে পরিপ্রেক্ষিতে অতিরিক্ত সচিব (প্রশাসন), জনাব রঞ্জিত কুমার দাস সভায় মহান স্বাধীনতা দিবসের প্রস্তাবিত কর্মসূচি উপস্থাপন করেন।

ডায়েরি নং ২৪১
তারিখ ২৮/০২/২০২২
প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-১)
উপসচিব (প্রশাসন-১)

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ২৭/২/২২
নম্বর ২৬৬৪

ডায়েরি নং ২০২২ তারিখ ২৮/২/২২
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয়ও কাউন্সিল/জেপ)
যুগ্মসচিব(প্রশাসন)

অতি:/যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
নং ২৬৬৬ তারিখ ২৮/২/২২
অতিরিক্ত সচিব (প্রশাসন)

অপর পৃষ্ঠা-০২ দ্রষ্টব্য

০৪। সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২২ এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উদযাপনের লক্ষ্যে নিম্নরূপ প্রস্তাবিত জাতীয় কর্মসূচি সর্বসম্মতিক্রমে প্রণয়ন করা হয়ঃ

(ক) ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২২ পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচিঃ

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ২৫-০৩-২০২২ | জাতির উদ্দেশ্য মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী। | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব/ মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। |
| ২. | ০১-৩-২০২২ থেকে ২৫-৩-২০২২ পর্যন্ত | স্কুল/কলেজ/মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা সম্পর্কে **স্বাস্থ্যবিধি মেনে** স্মৃতিচারণ ও আলোচনা সভা | মন্ত্রিপরিষদ বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রশাসক, মুক্তিযোদ্ধা সংসদ। |
| ৩. | ২৫-৩-২০২২ (দুপুর ১২.০০ টা থেকে ঢাকাসহ সকল সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে গণহত্যার ভয়াবহতার চিত্র প্রচার) | গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) সিটি কর্পোরেশন (সকল), বেসরকারি বেতার/টিভি চ্যানেল। |
| ৪. | ২৫-৩-২০২২ বাদ জোহর/সুবিধাজনক সময়ে | সারা দেশে ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে **স্বাস্থ্যবিধি মেনে** বিশেষ মোনাজাত/প্রার্থনা | মন্ত্রিপরিষদ বিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), ইসলামিক ফাউন্ডেশন। |
| ৫. | ২৫-৩-২০২২ সকাল ১০-০০ টা | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে আলোচনা সভা | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ৬. | ২৫-৩-২০২২ | **স্বাস্থ্যবিধি মেনে** গণহত্যা ও মুক্তিযুদ্ধ বিষয়ক গীতিনাট্য/সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, শিল্পকলা একাডেমি, শিশু একাডেমি জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ৭. | ২৫-৩-২০২২ (রাত ০৯-০০ থেকে ০৯-০১ মিনিট পর্যন্ত) | সারা দেশে প্রতীকি ব্ল্যাক-আউট ০১ (এক) মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) | মন্ত্রিপরিষদ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, বিদ্যুৎ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |

অপর পৃষ্ঠা-৩ সদয় দ্রষ্টব্য

(খ) ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচিঃ

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ২৬-০৩-২০২২ | জাতির উদ্দেশ্য মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী। | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব/ মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। |
| ২. | ২৬-০৩-২০২২ | সাধারণ ছুটি ঘোষণা (দিবসের কর্মসূচিতে সকলের অংশগ্রহনের সুবিধার্থে) | জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| ৩. | ২৬-৩-২০২২ | ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)<br><br>খ) ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন। (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) | ক) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ভবনের মালিক।<br><br>খ) মন্ত্রিপরিষদ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল।<br>বিঃদ্রঃ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিটিভি, বেতার ও বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা উত্তোলনের বিধি-বিধান জনসাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৪. | (কোনক্রমেই ২৫/০৩/২০২২তারিখ আলোকসজ্জা করা যাবে না।<br>২৬/০৩/২০২২ সন্ধ্যা থেকে আলোকসজ্জা করা যাবে) | গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা। | গণপূর্ত অধিদপ্তর, বিদ্যুৎ বিভাগ, সকল সিটি কর্পোরেশন, বেসরকারি ভবনের মালিক/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ৫. | ২৬-৩-২০২২ | ক) ঢাকায় প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনি (সাভার জাতীয় স্মৃতিসৌধে)।<br>খ) জেলা ও উপজেলায় প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনি। | ক) সশস্ত্র বাহিনী বিভাগ<br>খ) জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী অফিসার, থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা। |
| ৬. | ২৬-০৩-২০২২ | সূর্যোদয়ের সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ। | রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, বিভাগীয় কমিশনার, ঢাকা, ডিআইজি, ঢাকা রেঞ্জ, জেলা প্রশাসক, ঢাকা, পুলিশ সুপার, ঢাকা। |

অপর পৃষ্ঠা-৪ সদয় দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| ৭. | ২৬-৩-২০২২ | (ক) সাভার জাতীয় স্মৃতিসৌধে মাননীয় স্পীকার, মাননীয় প্রধান বিচারপতি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ। এছাড়াও বিভিন্ন রাজনৈতিক সংগঠন কর্তৃক **স্বাস্থ্যবিধি মেনে** পুষ্পস্তবক অর্পণ।<br>(খ) বাংলাদেশে অবস্থিত বিদেশী কূটনীতিকদের সাভার জাতীয় স্মৃতিসৌধে **স্বাস্থ্যবিধি মেনে** পুষ্পস্তবক অর্পণ। | (ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, জন নিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল।<br>(খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়। |
| ৮. | ২৬-০৩-২০২২ (মাননীয় প্রধানমন্ত্রীর নির্ধারিত তারিখ ও সময়ে) | স্বাধীনতা পুরস্কার প্রদান। | মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ৯. | ২৬-৩-২০২২ সকাল ৮:০০ টায় | বীরশ্রেষ্ঠ শহিদ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জেলা প্রশাসন, ঢাকা। |
| ১০. | ২৬-০৩-২০২২ সকাল ৮.০০ টায় | **স্বাস্থ্যবিধি মেনে** দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে কুচকাওয়াজ, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত পরিবেশন এবং ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান। | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, জন নিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ১১. | ২৩-০৩-২০২২ থেকে ৩১-০৩-২০২২ | সমরাস্ত্র প্রদর্শনী | প্রতি ১ বছর অন্তর এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এ বিষয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয় ও সশস্ত্র বাহিনী বিভাগ সিদ্ধান্ত গ্রহণ করবে।<br>প্রতিরক্ষা মন্ত্রণালয় ও সশস্ত্র বাহিনী বিভাগ। |
| ১২. | ২৬-০৩-২০২২ | নৌকা বাইচ (যেখানে সম্ভব)/কাবাডি ফেডারেশনের ব্যবস্থাপনায় কাবাডি প্রতিযোগিতার আয়োজন। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয়/ফায়ার সার্ভিস, জাতীয় ক্রীড়া পরিষদ, জেলা প্রশাসক (সকল), কাবাডি ফেডারেশন, রোয়িং ফেডারেশন। |

অপর পৃষ্ঠা-৫ সদয় দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| ১৩. | ২৬-০৩-২০২২ | ক) ঢাকায় নির্দিষ্ট স্থানসমূহে সেনাবাহিনী, নৌ-বাহিনী, বিমান বাহিনী, বিজিবি, কোষ্টগার্ড, পুলিশ, আনসার ও ভিডিপি'র বাদকদল কর্তৃক বাদ্য পরিবেশন।<br>খ) ২৬ মার্চ ২০২২ তারিখ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গণযোগাযোগ অধিদপ্তর কর্তৃক সোহরাওয়ার্দী উদ্যানের উন্মুক্ত নাট্যমঞ্চ (অ্যাম্পিথিয়েটার) থেকে ভ্রাম্যমান ট্রাকে রাজধানীর বিভিন্ন এলাকায় এবং সদরঘাট থেকে আশুলিয়া পর্যন্ত নৌ পথে বিশিষ্ট শিল্পীগণের অংশগ্রহণে স্বাস্থ্যবিধি মেনে দেশাত্নবোধক সংগীত পরিবেশন। | ক) সশস্ত্র বাহিনী বিভাগ, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ।<br>খ) তথ্য মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/গণযোগাযোগ অধিদপ্তর, নৌ পুলিশ। |
| ১৪. | ২৬-৩-২০২২ | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে জাতীয় পতাকা উত্তোলন, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান, সাংস্কৃতিক অনুষ্ঠান ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন এবং বিদেশী পত্র-পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র (সংশ্লিষ্ট দেশের ভাষা ও ইংরেজীসহ) প্রকাশ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ। |
| ১৫. | ০১-৩-২০২২ থেকে ৩১-৩-২০২২ | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস ভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সমপ্রচার মন্ত্রণালয়, বিটিভি, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, ডিএফপি, গণযোগাযোগ অধিদপ্তর। |
| ১৬. | ২৬-৩-২০২২ | সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র এবং পোস্টার প্রকাশ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর। |
| ১৭. | ২৬-৩-২০২২ | জাতির শান্তি, সমৃদ্ধি দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা, ও অন্যান্য উপাসনালয়ে স্বাস্থ্যবিধি মেনে মোনাজাত/প্রার্থনা। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট। |

অপর পৃষ্ঠা-৬ সদয় দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| ১৮. | ১৮-৩-২০২২ থেকে ২৬-০৩-২০২২ | ক) "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন" বিষয়ে আলোচনা।<br><br>খ) জাতীয় পর্যায়ে রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন।<br><br>গ) সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন। | ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।<br>খ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।<br>গ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১৯. | ২৬-৩-২০২২ | দেশের সকল হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, পথশিশু পুনর্বাসন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে প্রতিষ্ঠান ও শিশু দিবা যত্ন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| ২০. | ২৬-০৩-২০২২ | চট্টগ্রাম, খুলনা ও মংলা বন্দর ও পায়রা বন্দর ঢাকার সদরঘাট, নারায়নগঞ্জের পাগলা, বরিশাল ও চাঁদপুর বিআইডব্লিউটিএ ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও কোস্টগার্ডের জাহাজসমূহ বিকাল ২টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা। | সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ নৌ-বাহিনী কোস্টগার্ড, নৌ-পরিবহন মন্ত্রণালয়, জন নিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ। |
| ২১. | ২৬-০৩-২০২২ | ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ এবং সেতু জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ। | স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, রেলপথ মন্ত্রণালয়, সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ২২. | ২৬-০৩-২০২২ | জেলা ও উপজেলা সদরে মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান। | জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রশাসক, মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল। |
| ২৩. | ২৬-০৩-২০২২ | জাতীয় ও জেলা পর্যায়ে মহিলাদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধ ভিত্তিক আলোচনা সভা, বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক নির্ধারিত সময়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, শিশু একাডেমি ও জাতীয় মহিলা সংস্থা। |

অপর পৃষ্ঠা-৭ সদয় দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| ২৪. | ২৬-০৩-২০২২ | দেশের সকল শিশু পার্ক, বোটানিক্যাল গার্ডেন, চিড়িয়াখানা, বঙ্গবন্ধু নভো থিয়েটার, জাতীয় জাদুঘর, সামরিক জাদুঘর, বঙ্গবন্ধু সাফারী পার্ক, মুক্তিযুদ্ধ জাদুঘর, পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর, বিজিবি জাদুঘর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, স্বাধীনতা জাদুঘর, গণহত্যা জাদুঘর, খুলনা কর্তৃক শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা করা। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ, সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ ও জেলা প্রশাসক (সকল), সংশ্লিষ্ট নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট পৌরসভা। |
| ২৫. | ০১-৩-২০২২ থেকে ৩১-৩-২০২২ | ক) জেলা এবং উপজেলা পর্যায়ে প্রদর্শনী ফুটবল ম্যাচ/দেশীয় খেলার আয়োজন।<br>খ) প্রদর্শনী ক্রিকেট/ভলিবল ম্যাচের আয়োজন। | ক) মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, বাংলাদেশ ফুটবল ফেডারেশন।<br>খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, বাংলাদেশ ক্রিকেট বোর্ড। |
| ২৬. | ২৬-৩-২০২২ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে স্মারক ডাক টিকিট প্রকাশ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ ডাক অধিদপ্তর |
| ২৭. | ২৬-০৩-২০২২ | বাংলা একাডেমি, শিল্পকলা একাডেমি, নজরুল ইন্সটিটিউট, জাতীয় জাদুঘর, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কালচারাল একাডেমি, বিরিশিরি (নেত্রকোনা), মনিপুরী একাডেমি, মুক্তিযুদ্ধ জাদুঘর, বাংলাদেশ পুলিশ সাংস্কৃতিক পরিষদ, ছায়ানট, উদীচি, সম্মিলিত সাংস্কৃতিক জোট এবং বুলবুল ললিতকলা একাডেমি ইত্যাদি বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন কর্তৃক জেলা ও উপজেলা পর্যায়ে স্বাস্থ্যবিধি মেনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ পুলিশ, বাংলা একাডেমি, শিল্পকলা একাডেমি, নজরুল ইন্সটিটিউট, জাতীয় জাদুঘর, ইসলামিক ফাউন্ডেশন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কালচারাল একাডেমি, বিরিশিরি (নেত্রকোনা), মনিপুরী একাডেমি, মুক্তিযুদ্ধ জাদুঘর, ছায়ানট, উদীচি, বুলবুল ললিতকলা একাডেমি, সম্মিলিত সাংস্কৃতিক জোট কর্তৃপক্ষ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২৮. | ২৬-০৩-২০২২ | ঢাকাসহ দেশের সব জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে বিনা টিকিটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তনে, উন্মুক্ত স্থানে মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন। | প্রতিরক্ষা মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |

অপর পৃষ্ঠা-৮ দ্রষ্টব্য

৪.১। উল্লিখিত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সমন্বয়কের ভূমিকা পালন করবে।

৪.২। আগামি ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবসের জাতীয় কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ৩টি কমিটি এবং ২টি উপকমিটি গঠনের প্রস্তাব করা হয়ঃ-

(১) <u>২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন সংক্রান্ত স্টিয়ারিং কমিটিঃ</u>

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | | - | আহবায়ক |
| ২। | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিচে নহে) | | - | সদস্য |
| ৩। | সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৪। | সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৫। | সিনিয়র সচিব, অর্থ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৬। | সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৭। | সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৮। | সিনিয়র সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৯। | সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ১০। | সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ১১। | সিনিয়র সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ১২। | সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ১৩। | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ১৪। | সচিব, রাষ্ট্রপতির কার্যালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ১৫। | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ঐ | - | সদস্য |
| ১৬। | সচিব, বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৭। | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৮। | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ঐ | - | সদস্য |
| ১৯। | সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২০। | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২১। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | ঐ | - | সদস্য |
| ২২। | সচিব, বিদ্যুৎ বিভাগ | ঐ | - | সদস্য |
| ২৩। | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৪। | সচিব, বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৫। | সচিব, বেসামরিক বিমান ও পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৬। | সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৭। | সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৮। | সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৯। | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৩০। | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৩১। | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৩২। | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ঐ | - | সদস্য |
| ৩৩। | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৩৪। | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | ঐ | - | সদস্য |
| ৩৫। | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | | - | সদস্য |
| ৩৬। | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | | - | সদস্য |
| ৩৭। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | | - | সদস্য |
| ৩৮। | প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | | - | সদস্য |

অপর পৃষ্ঠা ↘ সদস্য দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| ৩৯। | প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর | - | সদস্য |
| ৪০। | বিভাগীয় কমিশনার, ঢাকা | - | সদস্য |
| ৪১। | মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর | - | সদস্য |
| ৪২। | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | - | সদস্য |
| ৪৩। | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | - | সদস্য |
| ৪৪। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট | - | সদস্য |
| ৪৫। | মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল | - | সদস্য |
| ৪৬। | প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল | - | সদস্য |
| ৪৭। | মহাপরিচালক, আনসার ও ভিডিপি | - | সদস্য |
| ৪৮। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৪৯। | মহা-পুলিশ পরিদর্শক এর একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৫০। | এ্যাডজুটেন্ট-জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনীর একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৫১। | প্রতিরক্ষা গোয়েন্দা মহা পরিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৫২। | জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৫৩। | পুলিশ কমিশনার, ডিএমপি-এর একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৫৪। | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন সংক্রান্ত উপ-কমিটির সকল আহবায়ক | - | সদস্য |
| ৫৫। | জেলা প্রশাসক, ঢাকা | - | সদস্য |
| ৫৬। | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ৫৭। | বাংলাদেশ স্কাউটসের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫৮। | অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য সচিব |

<u>কমিটির কার্যপরিধি</u>

(ক) কমিটি ২৫ মার্চ গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের সকল কর্মসূচি বাস্তাবায়নে সার্বিক তত্ত্বাবধান এবং সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

অপর পৃষ্ঠা-১০ সদয় দ্রষ্টব্য

(২) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপনে সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণ ব্যবস্থাপনা কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | জিওসি ৯ পদাতিক ডিভিশন, বাংলাদেশ সেনাবাহিনী, সাভার, ঢাকা | - | আহবায়ক |
| ২। | রাষ্ট্রপতির কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৩। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | মন্ত্রিপরিষদ বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | জননিরাপত্তা বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮। | সুরক্ষা সেবা বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৯। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | এ্যাডজুটেন্ট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১১। | বাংলাদেশ নৌ-বাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২। | বাংলাদেশ বিমান বাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৩। | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৪। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপদ বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৫। | মহা-পুলিশ পরিদর্শকের একজন উপযুক্ত প্রতিনিধি (এসবি) | - | সদস্য |
| ১৬। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৭। | প্রশাসক বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল | - | সদস্য |
| ১৮। | উপ-মহা পুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ | - | সদস্য |
| ১৯। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), ঢাকা | - | সদস্য |
| ২০। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ২১। | জেলা প্রশাসক, ঢাকা | - | সদস্য |
| ২২। | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ২৩। | প্রধান বৃক্ষপালন বিদ, আরবরি কালচার, গণপূর্ত অধিদপ্তর | - | সদস্য |
| ২৪। | উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা | - | সদস্য |
| ২৫। | রেঞ্জ কমান্ডার, আনসার ও ভিডিপি, ঢাকা | - | সদস্য |
| ২৬। | কমিটির আহবায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - | সদস্য-সচিব |

<u>কমিটির কার্যপরিধিঃ</u>

(ক) সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণের সার্বিক কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(৩) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে বীরশ্রেষ্ঠ শহিদ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়ামে শিশু কিশোর সমাবেশ ও কুচকাওয়াজ অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত কমিটিঃ

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | | - | আহবায়ক |
| ২। | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধি (উপসচিবের নিচে নহে) | | - | সদস্য |
| ৩। | সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একজন প্রতিনিধি (উপসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৪। | সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগের একজন প্রতিনিধি (উপসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৫। | সিনিয়র সচিব, অর্থ বিভাগের একজন প্রতিনিধি (উপসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৬। | সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৭। | সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৮। | সিনিয়র সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ৯। | সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগের একজন প্রতিনিধি (উপসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ১০। | সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ১১। | সিনিয়র সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি (উপসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ১২। | সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ১৩। | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ১৪। | সচিব, রাষ্ট্রপতির কার্যালয়ের একজন প্রতিনিধি (উপসচিবের নিম্নে নহে) | | - | সদস্য |
| ১৫। | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ঐ | - | সদস্য |
| ১৬। | সচিব, বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৭। | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ১৮। | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ঐ | - | সদস্য |
| ১৯। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | ঐ | - | সদস্য |
| ২০। | সচিব, বিদ্যুৎ বিভাগ | ঐ | - | সদস্য |
| ২১। | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২২। | সচিব, বেসামরিক বিমান ও পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৩। | সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৪। | সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৫। | সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৬। | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৭। | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৮। | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ২৯। | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ঐ | - | সদস্য |
| ৩০। | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | ঐ | - | সদস্য |
| ৩১। | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | ঐ | - | সদস্য |
| ৩২। | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | ঐ | - | সদস্য |
| ৩৩। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | ঐ | - | সদস্য |
| ৩৪। | প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | ঐ | - | সদস্য |
| ৩৫। | প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর | ঐ | - | সদস্য |
| ৩৬। | বিভাগীয় কমিশনার, ঢাকা | ঐ | - | সদস্য |
| ৩৭। | মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর | ঐ | - | সদস্য |
| ৩৮। | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | ঐ | - | সদস্য |
| ৩৯। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট | ঐ | - | সদস্য |
| ৪০। | প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল | ঐ | - | সদস্য |
| ৪১। | মহাপরিচালক, আনসার ও ভিডিপি | ঐ | - | সদস্য |
| ৪২। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন প্রতিনিধি | ঐ | - | সদস্য |
| ৪৩। | মহা-পুলিশ পরিদর্শক এর একজন প্রতিনিধি | ঐ | - | সদস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৪। | প্রতিরক্ষা গোয়েন্দা মহা পরিদপ্তরের একজন প্রতিনিধি | ঐ | - | সদস্য |
| ৪৫। | জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের একজন প্রতিনিধি | ঐ | - | সদস্য |
| ৪৬। | পুলিশ কমিশনার, ডিএমপি-এর একজন প্রতিনিধি | ঐ | - | সদস্য |
| ৪৭। | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন সংক্রান্ত উপ-কমিটির সকল আহবায়ক | ঐ | - | সদস্য |
| ৪৮। | পুলিশ সুপার, ঢাকা | ঐ | - | সদস্য |
| ৪৯। | বাংলাদেশ স্কাউটসের একজন উপযুক্ত প্রতিনিধি | ঐ | - | সদস্য |
| ৫০। | জেলা প্রশাসক, ঢাকা | ঐ | - | সদস্য সচিব |

<u>কমিটির কার্যপরিধিঃ</u>

(ক) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে বীরশ্রেষ্ঠ শহিদ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়ামে শিশু কিশোর সমাবেশ ও কুচকাওয়াজ অনুষ্ঠান আয়োজন ও বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

অপর পৃষ্ঠা-১৩ সদয় দ্রষ্টব্য

(৩) ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২২ পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপনে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রণয়ন এবং শিশু-কিশোর সমাবেশ, বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচার, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসের তাৎপর্যের উপর আলোচনা ও সংবাদপত্রসমূহে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত উপ-কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয় | - | আহবায়ক |
| ২। | রাষ্ট্রপতির কার্যালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৩। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | তথ্য অধিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | গণযোগাযোগ অধিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৮। | বাংলাদেশ টেলিভিশনের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৯। | বাংলাদেশ বেতারের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | মুক্তিযুদ্ধ জাদুঘরের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ১১। | চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তরের একজন প্রতিনিধি | - | সদস্য |

<u>উপ-কমিটির কর্মপরিধিঃ</u>

(ক) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রণয়ন এবং প্রচারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(খ) শিশু-কিশোর সমাবেশ অনুষ্ঠান বেতার ও টেলিভিশনে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ;

(গ) ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ;

(ঘ) সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র/পোষ্টার প্রকাশ;

(ঙ) বাংলাদেশের জাতীয় পতাকার সঠিক মাপ ও রং ঠিক রেখে জাতীয় পতাকা উত্তোলনের বিধি বিধান জনসাধারণের জ্ঞাতার্থে বেতার ও টেলিভিশনে সম্প্রচারের ব্যবস্থা;

(চ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতির জন্য ২৩ থেকে ২৫ মার্চ ২০২২ জাতীয় স্মৃতিসৌধ বন্ধ রাখার বিষয়টি জনগনকে অবহিত করণের নিমিত্ত প্রচারের ব্যবস্থা;

(ছ) কোন অতিরিক্ত সচিবকে আহবায়ক হিসেবে দায়িত্ব প্রদান করা হবে তা তথ্য মন্ত্রণালয় নির্ধারণ করবে;

(জ) ২৫-০৩-২০২২ তারিখে সারা দেশে রাত ৯-০০ থেকে ৯-০১ পর্যন্ত ০১ মিনিটের জন্য প্রতীকি ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) এর বিষয়টি জনগনকে অবহিত করণের নিমিত্ত প্রচারের ব্যবস্থা।

(ঝ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

অপর পৃষ্ঠা-১৪ সদয় দ্রষ্টব্য

(৪) ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপনে ঢাকাস্থ আইন-শৃঙ্খলা ব্যবস্থাপনা সংক্রান্ত উপ-কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা। | - | আহবায়ক |
| ২। | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি (রাষ্ট্রাচার অনুবিভাগ) | - | সদস্য |
| ৩। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫। | বিদ্যুৎ বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮। | ডিআইজি, ঢাকার একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৯। | জেলা প্রশাসক, ঢাকার একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১০। | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ১১। | ডিজিএফআই এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২। | এনএসআই এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৩। | স্পেশাল ব্রাঞ্চের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৪। | জেলা কমান্ডার, আনসার ও ভিডিপি, ঢাকা | - | সদস্য |
| ১৫। | র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান সদর দপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৬। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৭। | আহবায়ক মনোনীত একজন কর্মকর্তা | - | সদস্য সচিব |

<u>উপ-কমিটির কার্যপরিধিঃ</u>

(ক) কমিটি মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে ট্রাফিক নিয়ন্ত্রণ এবং নিরাপত্তা ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় বিষয় তত্ত্বাবধান ও সমন্বয় করবে।

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৫। সভাপতি মহোদয় জানান যে, এ খসড়া জাতীয় কর্মসূচি মাননীয় প্রধানমন্ত্রীর নিকট অনুমোদনের নিমিত্ত প্রেরণ করা হবে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পর কর্মসূচি সম্পর্কিত সিদ্ধান্ত সকলকে অবহিত করা হবে। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে ২৫ মার্চ ২০২২ গণহত্যা দিবস ও ২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা দিবস এর সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়নে সকলের সহযোগিতার আশাবাদ ব্যক্ত করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-০১/০২/২০২২
(আ. ক. ম মোজাম্মেল হক, এমপি)
মন্ত্রী
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

অপর পৃষ্ঠা-১৫ সদয় দ্রষ্টব্য

স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২০২২- ০৫

তারিখ: ০২ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সেনাবাহিনী প্রধান, বাংলাদেশ সেনাবাহিনী/নৌ-বাহিনী প্রধান, বাংলাদেশ নৌ-বাহিনী/বিমান বাহিনী প্রধান, বাংলাদেশ বিমান বাহিনী, সদর দপ্তর, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০৩। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা/ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/ জননিরাপত্তা বিভাগ/ স্থানীয় সরকার বিভাগ/ পানি সম্পদ মন্ত্রণালয়/ অর্থ বিভাগ/ প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলানগর, ঢাকা/ জনপ্রশাসন মন্ত্রণালয়/ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/ স্বাস্থ্য সেবা বিভাগ/বাণিজ্য মন্ত্রণালয়/ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা/ পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা/প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, সেনানিবাস, ঢাকা/মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।

০৪। রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা/ প্রধানমন্ত্রীর সামরিক সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা/ জিওসি, ৯ পদাতিক ডিভিশন, সাভার সেনানিবাস, ঢাকা।

০৫। সচিব/ভারপ্রাপ্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/নৌ-পরিবহন মন্ত্রণালয়/ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরেবাংলানগর, ঢাকা/ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ/ বিদ্যুৎ বিভাগ/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/ ভূমি মন্ত্রণালয়/ শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা/ সমাজ কল্যাণ মন্ত্রণালয়/ সুরক্ষা সেবা বিভাগ/কৃষি মন্ত্রণালয়/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/ সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ/ পরিসংখান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা/ ডাক ও টেলি-যোগাযোগ বিভাগ/ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/ বস্ত্র ও পাট মন্ত্রণালয়/ রেলপথ মন্ত্রণালয়/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহা-পরিদপ্তর, ঢাকা/জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই), ঢাকা/ বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা/আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা/কোষ্ট গার্ড, আগারগাঁও, ঢাকা।

০৭। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা।

০৮। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৯। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।

১০। মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, ফুলবাড়ীয়া, ঢাকা/বিএনসিসি, উত্তরা, ঢাকা।

১১। কারা মহা-পরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

১২। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।

১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা।

১৪। বিভাগীয় কমিশনার, ঢাকা।

১৫। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর/বাংলাদেশ টেলিভিশন, রামপুরা/বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।

১৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান-২, ঢাকা/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।

১৭। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা।

১৮। জেলা প্রশাসক, ঢাকা।

১৯। জেলা প্রশাসক (সকল)।

২০। পুলিশ সুপার, ঢাকা।

২১। পুলিশ সুপার, (সকল) ।

২১। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা/ট্রাস্টি,মুক্তিযুদ্ধ যাদুঘর,আগারগাও, ঢাকা/নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা।

২২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা ।

২৩। প্রধান বৃক্ষপালনবিদ, আরবরি কালচার, সেগুন বাগিচা, ঢাকা ।

২৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

২৫। অফিসার ইনচার্জ (সকল থানা)।

১৫/০২/২০২২

(দেবাশীষ নাগ)
উপসচিব (প্রশাসন-১)
টেলিফোন +৮৮০২২২৩৩৫৮৬৪৮
info.molwa@yahoo.com

স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২০২২- ০৫

তারিখ: ০২ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।

০৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সভায় প্রেজেন্টেশনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০৫। অফিস কপি/মাস্টার ফাইল।

১৫/০২/২০২২

(দেবাশীষ নাগ)
উপসচিব (প্রশাসন-১)
টেলিফোন +৮৮০২২২৩৩৫৮৬৪৮
info.molwa@yahoo.com